গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-২৫ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.২৫০.১১.০৫৬.২২.**২৭৩**

তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩ / ০৩ নভেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (বিওএফ)-এর উপসহকারী প্রকৌশলী (গ্রেড-১০) পদে অপেক্ষমাণ তালিকা হতে সুপারিশ প্রদান

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (বিওএফ)-এর সাংগঠনিক কাঠামোভুক্ত উপসহকারী প্রকৌশলী (গ্রেড-১০) পদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫ আগস্ট ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৭০. ১১.০২০.২৪-২১৭ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী অপেক্ষমাণ তালিকা হতে সুপারিশকৃত প্রার্থীদের রোল নম্বর মেধাক্রম অনুসারে (বাম থেকে ডানে) নিম্নরূপভাবে প্রকাশ করা হলো:

ক্র.	পদের নাম	রোল নম্বর (মেধাক্রম)
১.	উপসহকারী প্রকৌশলী	14121272, 14121127

২। সুপারিশকৃত প্রার্থীগণকে ডোপ টেস্টসহ স্বাস্থ্য পরীক্ষা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-পরিচয় যাচাইয়ের জন্য প্রার্থী কর্তৃক পূরণকৃত পুলিশ প্রত্যয়ন ফরমের ৪(চার) সেট পূরণের লক্ষ্যে আগামী ০৫ নভেম্বর ২০২৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকার মধ্যে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৫(পাঁচ) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, পরীক্ষার প্রবেশপত্র, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ, চাকরিরতদের ক্ষেত্রে ছাড়পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল কাগজপত্রের ৫(পাঁচ) সেট সত্যায়িত কপিসহ বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (বিওএফ), গাজীপুর সেনানিবাস, গাজীপুর (প্রয়োজনে যোগাযোগ, মোবাইল-০১৭৬৯০৪৪১৫৫)-এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৩। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রকাশিত ফলাফলের বিষয়ে যেকোনো সংশোধন/পরিমার্জনের অধিকার সংরক্ষণ করে।

০৩.১১.২০২৬
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ প্রদান বিষয়ক কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়